## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে খাদ্য মন্ত্রণালয়ের সংশোধিত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে খাদ্য অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে ১৯/০৬/২০১৯ তারিখ সকাল ৯.৩০ ঘটিকায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : ড. মোছাম্মৎ নাজমানারা খানুম, মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর।

সভার স্থান : ২য় তলা সভা কক্ষ

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে খাদ্য মন্ত্রণালয়ের সংশোধিত কর্মপরিকল্পনা বাস্তবায়ন।

তারিখ ও সময় : ১৯/০৬/২০১৯, সকাল-৯.৩০ ঘটিকায়।

সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা (পরিশিষ্ট-ক)

আলোচনাঃ

খাদ্য অধিদপ্তরের মহাপরিচালক এবং সভার সভাপতি উপস্থিত সকলের সাথে কুশল বিনিময় করে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি সকলকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন নং- ০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.১৯.১০৯ তারিখ- ০৭ এপ্রিল/২০১৯ খ্রি. তারিখে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় কমিটি'-তে ১৭ জন বিশিষ্ট ব্যক্তিকে সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করা হয়েছে; পাশাপাশি মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন নং- ০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.১৯.১১০ তারিখ- ০৭ এপ্রিল/২০১৯ খ্রি. তারিখের প্রজ্ঞাপনে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি'-তে ১৮ জন বিশিষ্ট ব্যক্তিকে সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করে অবিলম্বে কার্যকর করার কথা বলা হয়েছে।

সভাপতি মহোদয় এ বিষয়ে পূর্বে কোন সভা হয়েছে কি না জানতে চাইলে জনাব আব্দুল্লাহ আল মামুন, পরিচালক চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ জানান যে, প্রাক্তন মহাপরিচালক জনাব মোঃ আরিফুর রহমান অপু স্যার এই বিষয়ে একটি সভার কথা আলোচনা করেছেন এবং তিনি নিজেই উক্ত সভায় উপস্থিত ছিলেন।

জনাব পরিমল চন্দ্র সরকার, পরিচালক, প্রশাসন সভায় অবহিত করেন যে, 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় কমিটি' এবং 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি' সম্পর্কিত মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন দু'টি খাদ্য মন্ত্রণালয়ের ২১/০৪/২০১৯ তারিখের ১৬৮ নং স্মারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য খাদ্য অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। এ সম্পর্কে খাদ্য মন্ত্রণালয় কর্তৃক সংশোধিত কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

সভাপতি মহোদয় খাদ্য মন্ত্রণালয়ের সংশোধিত কর্মপরিকল্পনার খাদ্য অধিদপ্তর সংশ্লিষ্ট অনুচ্ছেদ যথাক্রমে- ক্রমিক নং-১, ৫ ও ৬ পাঠ করে সভাকে অবহিত করেন এবং খাদ্য অধিদপ্তরের করনীয় বিষয়সমূহ চিহ্নিতপূর্বক যথাযথ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের জন্য বাস্তবায়নকারী দপ্তর/স্থাপনা/সংস্থা কে দায়িত্ব প্রদান করেন। যা নিম্নরূপ;

| ক্রঃ নং | কর্মসূচির বিবরণ | তারিখ ও স্থান | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়নকারী দপ্তর/স্থাপনা/সংস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ডিজিটাল বিলবোর্ড স্থাপন | ১৭ মার্চ, ২০২০ হতে ১৭ মার্চ ২০২১, খাদ্য ভবন, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় ও জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | খাদ্য ভবন সচিবালয়ের নিকটবর্তী অত্যন্ত জনগুরুত্বপূর্ণ স্থানে হওয়ায় এ ভবনের সামনে একটি ডিজিটাল বিলবোর্ড স্থাপন;<br>(ক) খাদ্য মন্ত্রণালয়ের উন্নয়নমূলক কার্যক্রম এবং নিরাপদ খাদ্য ও পুষ্টি সংক্রান্ত বিভিন্ন তথ্য বছর ব্যাপী প্রদর্শন করা।<br>(খ) জাতীয় দিবসগুলিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক ০৭ ই মার্চের ভাষণসহ বঙ্গবন্ধুর জীবনভিত্তিক প্রামান্য চিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করা হবে। | খাদ্য অধিদপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক ও জেলা খাদ্য নিয়ন্ত্রক | খাদ্য অধিদপ্তর, মাঠপর্যায়ের আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর এবং জেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তরের দৃশ্যমান স্থানে বিলবোর্ড স্থাপন করতে হবে।<br>(ক) অতিরিক্ত মহাপরিচালককে আহবায়ক করে (খ) পরিচালক প্রশাসন, (গ) পরিচালক চলাচল সংরক্ষণ ও সাইলো, (ঘ) সিস্টেম এনালিস্ট, (ঙ) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক ঢাকা, (চ) প্রধান নিয়ন্ত্রক ঢাকা রেশনিং ঢাকা, (ছ) জেলা খাদ্য নিয়ন্ত্রক ঢাকা, (জ) উপ-পরিচালক হিসাব ও অর্থ এবং (ঝ) জনাব জসিম উদ্দিন সহকারী পরিচালক, পরিদর্শন উন্নয়ন ও কারিগরি সেবা বিভাগের সমন্বয়ে ৯ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হবে। উক্ত কমিটি ৭ জুলাই ২০১৯ |

| ক্রঃ নং | কর্মসূচির বিবরণ | তারিখ ও স্থান | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়নকারী দপ্তর/স্থাপনা/সংস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | তারিখের মধ্যে পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করবেন যাতে ক্রমিক নং-৩ এ উল্লিখিত সময়ের মধ্যে খাদ্য ভবন, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় ও জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় সমূহের বিলবোর্ড স্থাপন নিশ্চিত করা যায়। |
| ২ | খাদ্য বান্ধব কর্মসূচিতে পুষ্টি চাল বিতরণ | ১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ | বর্তমানে ২৪টি উপজেলায় খাদ্য বান্ধব কর্মসূচিতে পুষ্টিচাল বিতরণ করা হচ্ছে। বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষে ২০২০ সালে ১০০টি উপজেলায় এই কর্মসূচি বিস্তৃত করা হবে এবং পর্যায়ক্রমে সারা দেশে কার্যক্রমটি পরিচালনা করা হবে। এই কার্যক্রমে নারী ও শিশুদের পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে উপকারভোগীদের মধ্যে প্রসুতি ও দুগ্ধমাতাদের অন্তর্ভূক্ত করা হবে। | সরবরাহ বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর | পরিচালক, সরবরাহ বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা সংশ্লিষ্ট স্টেক হোল্ডারদের নিয়ে সভা করে ১০০টি উপজেলায় খাদ্য বান্ধব কর্মসূচিতে পুষ্টি চাল বিতরণ কার্যক্রম বিস্তৃত করার জন্য কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন যাতে ক্রমিক নং-৩ এ উল্লিখিত সময়ের মধ্যে কর্মসূচি বাস্তবায়ন নিশ্চিত করা যায়। |
| ৩ | কৃষকের ধানের ন্যায্য মূল্য নিশ্চিত করা | ১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ | কৃষকের উৎপাদিত ধানের ন্যায্য মূল্য নিশ্চিত করার জন্য যে সকল এলাকায় ধান বেশি উৎপাদন হয় এবং এলএসডি চত্তরে স্থান সংকুলান হয় সেখানে "ধান শুকানো ও পরিষ্কার করার ব্যবস্থাসহ ৫০০০ মেট্রিক টন ধারণ ক্ষমতার ২০০ টি প্যাডি সাইলো নির্মাণ" ও ই-পেমেন্ট পদ্ধতিতে সরাসরি মূল্য পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১। পরিচালক, পরিদর্শন উন্নয়ন ও কারিগরি সেবা বিভাগ<br>২। হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর<br>৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, খাদ্য মন্ত্রণালয়, খাদ্য ভবন<br>৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা | ১। ধান শুকানো ও পরিষ্কার করার ব্যবস্থাসহ ৫০০০ মে.টন ধারণ ক্ষমতার ২০০ টি প্যাডি সাইলো নির্মাণের বিষয়ে পরিদর্শন উন্নয়ন ও কারিগরি সেবা বিভাগ হতে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>২। সংশ্লিষ্ট কারিগরি টিম কর্তৃক আসন্ন ভারত ভ্রমন করার পর দ্রুত প্রতিবেদন দাখিল করতে হবে।<br>৩। কৃষকের উৎপাদিত ধানের ন্যায্য মূল্য নিশ্চিত করার লক্ষ্যে ই-পেমেন্ট পদ্ধতিতে সরাসরি মূল্য পরিশোধের ব্যবস্থা নির্ধারিত সময়ের মধ্যে গ্রহণ করতে হবে। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে খাদ্য মন্ত্রণালয়ের সংশোধিত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের সহযোগিতা ও আন্তরিকতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/০৯/১৯

(ড. মোছাম্মৎ নাজমানারা খানুম)
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা
ও সভার সভাপতি
ফোন-৯৫৮৪৮৩৪
dg@dgfood.gov.bd

কার্যার্থে বিতরণঃ

১। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২। পরিচালক (সকল) ……………………………, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩। প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য গুদাম নির্মাণ প্রকল্প/১.০৫ মে.টন খাদ্য গুদাম নির্মাণ প্রকল্প/সারাদেশে খাদ্য গুদাম মেরামত প্রকল্প।

৪। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম / অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল) ……………………………………।

৬। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
৭। প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা।
৮। সাইলো অধিক্ষক (সকল) ........................................................।
৯। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) ....................................................।
১০। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশের জন্য।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-
পত্র নং- ১৩.০১.০০০০.০৩২.২৩.৭০৮.২০১৮- ৫০২/১৫(৬) তারিখঃ ২৬/০৬/২০১৮খ্রি.

১। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ। দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব, কমিটি বিষয়ক অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব, অভ্যন্তরীণ প্রশাসন-১, খাদ্য মন্ত্রণালয়।
৩। চেয়ারম্যান, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। মহাপরিচালক এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
৫। বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৬। অফিস কপি/মাস্টার কপি।

(পরিমল চন্দ্র সরকার)
পরিচালক (প্রশাসন)
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ফোন-৯৫৮৬২১৩
e-mail: dadm@dgfood.gov.bd